অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লস (DEPARTMENT OF MOTOR VEHICLES) কমিশন মার্ক জে. এফ. শ্রোডারের বিবৃতি

"সস্তা প্রেস হিট চাওয়া কতিপয় বিধায়কের কপটতা ও অপবক্তব্য দায়িত্বজ্ঞানহীন এবং তার ব্যাখ্যা করা দরকার।

দশ বছর ধরে নতুন লাইসেন্স প্লেটের ফি 25 মার্কিন ডলার রয়েছে - এটি বিধানসভায় পাশ হওয়া একটি আইন দ্বারা নির্ধারণ করা হয়েছিল এবং এই প্রশাসনের আগে থেকেই এই আইনটি প্রতিষ্ঠিত রয়েছে 2009 সাল থেকে। বিধানসভা সেই ফি পরিবর্তনের জন্য কাজ করেনি, যার ফলে রিপাবলিকান এবং ডেমোক্রেটিক,উভয়ের নিয়ন্ত্রণেই প্রতি বছর 25 মার্কিন ডলার চার্জ অব্যাহত রয়েছে।

কিছু বিধায়ক এখন এই ফি কমিয়ে দেওয়ার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। গভর্নর এই ফি কম করতে চান। যদি আইনপ্রণেতারা আন্তরিক হন এবং অবিলম্বে ফি কমিয়ে দিতে চান, যদিও তারা গত এক দশকে তা করেননি, গভর্নর পরিষ্কার করে দিয়েছেন যে তিনি তাদেরকে বিশেষ অধিবেশনের জন্য ফিরে আসার আমন্ত্রণ জানিয়েছেন তা করার জন্য।

দ্বিতীয় বিষয় হল লাইসেন্স প্লেট ভাল অবস্থায় আছে তা নিশ্চিত করা, বিশেষ করে যেহেতু আমরা এখন রাজ্যব্যাপী ইলেকট্রনিক টোলিঙ্গের ব্যবহার করার দিকে চলেছি যা টোল চার্জ করার জন্য ক্যামেরা ব্যবহার করে লাইসেন্স প্লেট পড়ার জন্য। যদি একটি প্লেট ক্ষতিগ্রস্ত হয় বা প্রতিফলনকারী লেপনের অবনতি ঘটে তাহলে ক্যামেরা কাজ করবে না এবং ব্যক্তিটিকে টোল চার্জ করা হবে না। এই রাজস্যের ক্ষতি অন্যান্য চালকদের বহন করতে হবে যা অন্যায্য। আমেরিকান অ্যাসোসিয়েশন অফ মোটর ভেহিকেল অ্যাডমিনিস্ট্রেটর্স-এর (American Association of Motor Vehicle Administrators) জাতীয় মান হল, একটি লাইসেন্স প্লেটের উপযোগী জীবন হল 10 বছর। এটা সম্ভব যে 10 বছর পরেও একটি প্লেট ভাল অবস্থায় রয়েছে কিন্তু সেই সিদ্ধান্ত পরিদর্শন করে প্লেট ভিত্তিতে করতে হবে। যদি বিধানসভা একটি সাশ্রয়ী এবং বাস্তবসম্মত প্লেট পরিদর্শন প্রক্রিয়া প্রণয়ন করতে পারেন, যা নির্ধারণ করতে পারবে 10 বছরের পরেও কোন প্লেটগুলি সঠিক কর্মক্ষম অবস্থায় আছে এবং তাই এর প্রতিস্থাপনের প্রয়োজন নেই, তাহলে আমরা সহযোগিতা করার এই সুযোগকে স্বাগত জানাবো। 10 বছরের জীবনের প্রতিস্থাপন কার্যক্রম আগামী এপ্রিলে কার্যকর হবে তাই আমাদের হাতে সময় আছে সংসদের সাথে কাজ করে বিকল্প অনুসন্ধান করার। যেখানে সম্ভব সেখানে খরচ কমানোর সমর্থন করি আমরা।"

# # #

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন